মেহেরপুরে ছাত্রলীগের ৭৫ তম প্রতিষ্ঠাবাষির্কী পালন

দেশের সবচেয়ে প্রাচীন ও ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেছে (বৈজ্ঞানিক সমাজতন্ত্রে বিশ্বাসী) বাংলাশে ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখা।

বুধবার দুপুরে মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ড থেকে একটি র্যালি বের হয়ে কলেজ মোড়ের শহীদ স্মৃতিসৌধে পুস্পমাল্য অর্পন করে নেতাকর্মীরা।

জাতীয় যুবজোটের কেন্দ্রীয় সদস্য ও সাবেক ছাত্রনেতা নুরুস সাফা প্লাবনের নেতৃত্বে ছাত্রলীগ নেতা তানভির আহমেদ, সজল আহমেদ, সাগর আগমেদ, তৌহিদুল ইসলা, মিল্টন , সাজিবুল, আব্দুলআলিম, জয়, রাজিব, মাসুম, আমানুরসহ বিভিন্ন পর্যায়ের কর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় জাতীয় যুবজোটের কেন্দ্রীয় সদস্য নুরুস সাফা প্লাবন তার বক্তব্যে বলেন, মুক্তিযুদ্ধের অঙ্গিকারের বাংলাদেশ ও অসাম্প্রদায়িক সমাজতান্ত্রিক বাংলাদেশ বিনির্মানের আন্দোলনকে আরো শক্তিশালী ও বেগবান করতে হবে।

রায় সরিষা হলুদ রঙের রং ছড়ানো শেষে ছেয়ে তুলেছে সবুজের মাঠ

রায়, সরিষা হলুদ রঙের রং ছড়ানো শেষে ছেয়ে তুলেছে সবুজের লিলাভূমিতে। হলুদ ফুলের পাপড়ি গুলো ঝরে দাড়িয়েছে সরিষে দানায়, এতে যেমন হলুদ ফুল গুলো মাঠের প্রাকৃতিক সৌন্দর্য বর্ধনের কাজ করেছিল তেমনি ফুটে তুলেছিল কৃষকের মুখে হাসি।

সেই রং ছড়ানো শেষে এ যেন এখন সবুজ প্রাকৃতিক সবুজ লীলাভূমির রুপময় সৌন্দর্য। সাথে আশার বার্তা নিয়ে আসছে কৃষকের ঘরে।

এমনটাই গল্পের সাদৃশ্য তুলে ধরছি গাড়াবাড়ীয়া গ্রামের কৃষক ছাবদুল হোসেনর। ছাবদুল হোসেন গাড়াবাড়ীয়া গ্রামের মাঠ পাড়ার বাসিন্দা। তিনি দীর্ঘ দিন ধরে রায় চাষ করে আসছেন প্রতিবছরের ন্যায় এবারেও ছেড়ে দেননি সেই চাষ, তার এই রায় চাষ মাঠের সৌন্দর্য বর্ধন এলাকার একাংশ বল্লেও কম হবে।

তবে ছাবদুল ইসলাম জানান, রায় প্রতিবছর আমি চাষ করি কারন এটা আমার পরিবারের তেলের যোগান দেয়। সারা বছরে তেল কেনা লাগেনা।পাশাপাশি বিক্রি করেও আর্থিক ভাবে লাভবান হয়। তাছাড়া রায় চাষে খুব বেশি খরচ হয় না।বিগত বছর গুলো তে বিঘাতে ৫০০০-৭০০০ টাকায় হয়ে যেত। তবে এ বছরে ৯০০০-১০০০০ হাজারের মত হবে। প্রতিবছরের তুলনায় দামেও এবার ভালো। খরচের সাথে সাথে দাম টাও খারাপ না। প্রতিবছরে আমার বিঘা প্রতি ফলন হত ৫-৬ মন। তবে এবার আশা করছি ৯-১০ মন হবে। এবারের রায় বর্ষ সেরা। অল্প পুজিতে লাভজনক চাষ হচ্ছে এই রায় চাষ। তাই আমি প্রতি বছরেই করি।

এ বিষয়ে কৃষক তানজিদ হোসেন জানান, প্রতি বছরের তুলনায় এবারের রায় চাষ মাঠে বেশিই আছে। এ বছরের মত কোন বছরে দেখা যায় না।

কৃষক কামরুল ইসলাম বলেন, তেলের দাম বৃদ্ধির কারনে আমরা এই রায় সশ্য চাষ করছি যাতে করে তেল কিনতে না হয়। আবার অল্প পুঁজি তেও আবাদ তুলতে পারছি।

স্থানীয় আরো অনেকে জানিয়েছেন এমন চাষের সাথে ফলনের পরিমান বৃদ্ধি পেতে থাকলে তেলের সংকট কমবে। এবং নির্ভেজাল তেল খেতে পারবো বলেও মনে করি।

মেহেরপুরে চুক্তিবদ্ধ গম ও বোরো চাষীদের প্রশিক্ষণ

মেহেরপুরে বিএডিসির উদ্যোগে চুক্তিবদ্ধ গম ও বোরো চাষীদের কলা কৌশল বিষয়ক চাষী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার দিনব্যাপী মেহেরপুর বীজ প্রত্যায়ন এজেন্সী কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

বিএনডিসি কন্ট্রাক্ট গ্রোয়ার্স জোনের উপপরিচালক এনামুল হকের সভােপিত্ব চাষীদের মাঝে প্রশিক্ষণ প্রদান করেন বিএডিসির কন্ট্রাক্ট গ্রোয়ার্স ঢাকা বিভাগের উপ-ব্যবস্থাপক শাহজাহান কবির, সেচ ভবনের যুগ্ম পরিচালক মুসতাক আহমেদ, চুয়াডাঙ্গা বিএডিসির যুগ্ম পরিচালক দেলোয়ার হোসেন, মেহেরপুর জেলা বীজ প্রত্যায়ন কর্মকর্তা রঞ্জন কুমার প্রামানিক, বারাদি বীজ উৎপাদন খামারের উপ-পরিচালক কে এম মনিরুজ্জামান, উপপরিচালক শামিম হায়দার, আমঝুপি সবজি উৎপাদন খামারের উপ-পরিচালক গোলক নাথ মণ্ডল।

প্রশিক্ষণে ধান ও গম বীজ উৎপাদনের ধাপ, উৎপাদনের কলাকৌশল, মান নিয়ন্ত্রণ, সংরক্ষণ, বীজ প্রক্রিয়াকরণসহ বিভিন্ন বিষয় নিয়ে চাষীদের প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণে চুক্তিবদ্ধ ৪০ জন চাষী অংশগ্রহণ করেন।

গাংনীতে বিউটিশিয়ান প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থীরা লাঞ্ছিত

মেহেরপুরের গাংনী মহিলা অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিউটিশিয়ান প্রশিক্ষণ কেন্দ্রে হামলা চালিয়ে নারী প্রশিক্ষণার্থীদেরকে লাঞ্ছিত করার অভিযোগ উঠেছে এসএম ফয়েজ নামের এক ব্যাক্তির বিরুদ্ধে। শুধু তাই নয়, মহিলা বিষয়ক অধিদপ্তরে এসেও নানা ধরণের হুমকী ধামকি দেয়া হয়েছে।

এ ব্যাপারে নার্গিস সুলতানা নামের একজন বিউটিফিকেশন প্রশিক্ষক গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেছেন। হামলাকারী ওই ব্যক্তির নাম এসএম ফয়েজ । সে এ উপজেলার বাঁশবাড়িয়া গ্রামের মৃত টুনুর ছেলে। আজ বুধবার সকালে এ ঘটনাটি ঘটে। এসএম ফয়েজের শাস্তির দাবীতে প্রশিক্ষাণার্থীরা মহিলা বিষয়ক কার্যালয়ের সামনে জড়ো হয়ে

বিক্ষোভ করেছেন।

লিখিত অভিযোগে জানাগেছে, এসএম ফয়েজ নিজেকে সাংবাদিক পরিচয়ে মহিলা বিষয়ক অধিদপ্তরে এসে তার দুই মেয়ে অনন্যা ফয়েজ ও তামান্না ফয়েজকে বিউটিশিয়ান প্রশিক্ষণে ভর্তি করান। এরা দুজনই প্রশিক্ষণে এসে মোবাইল ফোন ব্যবহার করে ও টিকটক ভিডিও করে। এতে প্রশিক্ষক নার্গিস প্রশিক্ষণে ক্লাস চলাকালীণ সময়ে ফোন ব্যবহার নিষেধ করলে এসএম ফয়েজ বুধবার সকালে প্রশিক্ষণ কক্ষে ঢুকে প্রশিক্ষকসহ অন্যান্য প্রশিক্ষণার্থীদের উপর হামলা চালিয়ে লাঞ্ছিত করে। এসময় ফেশিয়াল কাজে ব্যবহৃত নানা উপকরণ নষ্ট করে ফেলে।

শুধু তাই নয়, ফয়েজ ও তার স্ত্রী তানিয়া তাবাচ্ছুম মহিলা বিষয়ক অধিদপ্তরে এসে কর্মকর্তা নাছিমা খাতুনকে নানা ধরণর হুমকী প্রদান করে।

প্রশিক্ষণার্থীরা জানান, তাদের প্রশিক্ষণ রুমে পুরুষ প্রবেশ নিষেধ। তার পরও ফয়েজ নামের ওই ব্যক্তি জোর পুর্বক প্রবেশ করে হামলা চালায়। বাধা দিলে তাদেরকে লাঞ্ছিত করা হয়।

এ ব্যাপারে মহিলা বিষয়ক কর্মকর্তা নাসিমা খাতুন ঘটনার সত্যতা স্বীকার করে জানান, এ ন্যাক্কারজনক ঘটনাটি ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসারকে জানানো হয়েছে। সেই সাথে প্রশিক্ষক নার্গিস সুলতানা গাংনী থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন।

গাংনী উপজলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, বিষয়টি জানার পর উভয় পক্ষকে ডেকে পরবর্তীতে আর কোন অঘটন না ঘটে সে ব্যাপারে সতর্ক করা হয়েছে। আর জিডির বিষয়টি পুলিশ তদন্ত পূর্বক ব্যবস্থা নেবেন।

গাংনীতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং

বিজ্ঞান মেলা ও ৭ম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াডের উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার বেলা ১১ টার সময় অনুষ্ঠনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্ধোধন করেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

‘ ‘ বিদ্যুৎ ও পানির অপচয় রোধ’’ এ প্রতিপাদ্যে উপজেলা প্রশাসন আয়োজিত মেলায় উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভােপিত্ব বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল,গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসারের সঞ্চালনায় ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্টপোষকতায় ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় গাংনী উপজেলা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১৮টি স্টল প্রদর্শন করা হয়েছে উপজেলা পরিষদ প্রাঙ্গনে।

গাংনীতে ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

গাংনী উপজেলা ছাত্রলীগ ও গাংনী কলেজ শাখা ছাত্রলীগে(একঅংশে)’র আয়োজনে বাংলাদেশ ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

বুধবার সকাল দশটায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে অনুষ্ঠনের আনুষ্ঠিকতা শুরু করা হয়। পরে কেক কাটা ও আলোচনা সভা ও শোভাযাত্রা করে উপজেলা ছাত্রলীগ। শোভা যাত্রাটি গাংনী হাসপাতাল বাজার থেকে বের হয়ে গাংনী বাজার রেজাউল চত্বরে গিয়ে শেষ হয়। পরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এমএ খালেক অনুষ্ঠানে প্রধান অতিথি

হিসেবে বক্তব্য রাখেন।

কলেজ ছাত্রলীগের সভাপতি শাহিন রেজার সভাপতিত্বে ও উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকের সঞ্চালনায় অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন,উপজেলা কৃষক লীগের সভাপতি আতিয়ার রহমান,সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ,উপজেলা কৃষক লীগের সহ সভাপতি হাসিব মাহমুদসহ ছাত্রলীগের কর্মীবৃন্দ।

মুজিবনগরে ৪৪তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ

“ইন্টারনেটে আসক্তির ক্ষতি”এই স্লোগানকে সামনে রেখে, মুজিবনগরে ৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং ৭ম বিজ্ঞান অলিম্পিয়াড ২০২২ এর উদ্বোধন করা হয়েছে।

বুধবার বেলা ১১ টার দিকে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের তত্ত্বাবধায়নে ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে,মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ফিতা কাটার মধ্যে দিয়ে এ মেলার শুভ উদ্বোধন করেন। পরে মেলার স্থান মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুনুর রশিদ এর সভাপতিত্বে উক্ত উদ্বোধনী ও আলোচনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম।

উপজেলা ৪৪ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান অলিম্পিয়াড মেলায় নতুন নতুন উদ্ভাবনী বৈজ্ঞানিক প্রযুক্তি নিয়ে উপজেলার কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় মিলে মোট ১৮ টি স্টল অংশ

নিয়েছে। অনুষ্ঠানটির সার্বিক সঞ্চালনায় ছিলেন,উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম।

বাংলাদেশকে বাঁচাতে হলে বিএনপির চক্রান্ত রুখে দিতে হবে

বাংলাদেশকে বাঁচাতে হলে বিএনপির চক্রান্ত রুখে দিতে হবে বলে জানিয়েছেন জাসদ সভাপতি, সাবেক তথ্যমন্ত্রী ও কুষ্টিয়া-২ (মিরপুর-ভেড়ামারা) আসনের সংসদ সদস্য হাসানুল হক ইনু।

তিনি বলেন, ২৭ আর ১০ দফা দিয়ে বিএনপি আবারও সরাসরি ৭১,৭৫ ও ২১ আগস্টের খুনিদের সাথে এক প্লেটে ভাত খাচ্ছে। এটা রাজনৈতিক বেয়াদবি, যা মেনে নেওয়া যায় না। বাংলাদেশকে বাঁচাতে হলে বিএনপির এই চক্রান্ত যে কোন মূল্যে রুখে দিতে হবে।

মঙ্গলবার (৩ জানুয়ারি) বেলা সাড়ে ৩টায় কুষ্টিয়ার মিরপুর উপজেলার মশান মাধ্যমিক বিদ্যালয় মাঠে বারুইপাড়া ইউনিয়ন জাসদের সম্মেলন সভায় যোগ দিয়ে বিএনপি জোটের সরকার পতনের আন্দোলন প্রসঙ্গে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন।

এসময় ইনু আরো বলেন, বিএনপির ডানে রাজাকার, জামায়াত যুদ্ধাপরাধী আর বামে সুযোগ সন্ধানী কতিপয় দল জড়ো হচ্ছে। এরা কখন কোন দিকে যায় বোঝা যায় না। তবে কয়টা সুযোগ সন্ধানী দল যোগ হচ্ছে সেটা ব্যাপার না, জনগণ যোগ হচ্ছে কিনা সেটাই দেখার বিষয়।

ইনু বলেন, জনগণ ভরসা করতে পারে, অর্থনৈতিকসহ যে ধরনেরই বৈশ্বিক সংকট থাকুক না কেন, বর্তমান সরকার জনগণকে রক্ষা করবে। বারুইপাড়া ইউনিয়ন জাসদের সিনিয়র নেতা মোজাফ্ফার হোসেন জিন্নাহ মেম্বারের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জাসদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আব্দুল আলিম স্বপন, কেন্দ্রীয় কমিটির সদস্য মোহাম্মদ আব্দুল্লাহ,উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আহাম্মদ

আলী,যুগ্ম-সাধারণ সম্পাদক কারশেদ আলম,উপজেলা জাতীয় পাটির সাধারণ সম্পাদক শামিম আহমেদ, বারুইপাড়া ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ডাঃ শফিকুল ইসলাম মন্টু, সাবেক মিরপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শেখ মোহাঃ বাহাদুর, জেলা যুবজোটের সাধারণ সম্পাদক ডাঃ মাসুদ রানা, জাসদ নেতা রায়হান উদ্দিন, আব্দুল খালেক, সাদেক আলী মেম্বরসহ স্থানীয় নেতৃবৃন্দ।

এর আগে বেলা সাড়ে ১১ টার দিকে মিরপুর উপজেলা জাসদের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ শরীফ এর প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণ সভায় বক্তব্য রাখেন ইনু।

এ সময় জাসদের মিরপুর উপজেলা শাখার সাধারণ সম্পাদক আহাম্মদ আলীর সভাপতিত্বে জেলা জাসদের সভাপতি গোলাম মহসিনসহ দলীয় নেতাকর্মীরা বক্তব্য রাখেন।

নারী উদ্যোক্তা ঝর্ণা বেগমের উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শীতের কবলে বিপর্যস্ত অজস্র হতদরিদ্র মানুষের কথা বিবেচনা করে কুষ্টিয়া শহরতলীর হরিশংকরপুর এলাকায় ছিন্নমূল মানুষের মাঝে শতাধিক কম্বল বিতরণের কর্মসূচি হাতে নিয়েছে নারী উদ্যোক্তা ঝর্ণা বেগম। একইসাথে তাদের রান্না করা খাবার বিতরণ করা হয়।

গতকাল মঙ্গলবার ‘কম্বল বিতরণ’ কার্যক্রমের উদ্বোধন করেন বিশিষ্ট ব্যবসায়ী হেলাল উদ্দিন ও নিঝুম লেডিস কর্ণার এর কর্ণধার নারী উদ্যোক্তা ঝর্ণা বেগম।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বপ্ন প্রয়াস যুব সংস্থার সভাপতি সাদিক হাসান রহিদ। এসময় তিনি বলেন, প্রচন্ড এই শীতে শীতার্ত কষ্ট লাঘবে সমাজের বিত্তশালীদের এগিয়ে আসতে হবে। নারী উদ্যোক্তা ঝর্ণা বেগম প্রচণ্ড শীতে অসহায় মানুষের কষ্ট দূর

করতে

তার নিজ উদ্যোগে যেভাবে শীতার্তদের পাশে দাঁড়িয়েছে এভাবে যে যার জায়গা থেকে এগিয়ে আসলে শীতার্তদের শীতের কষ্ট দূর হবে।

নারী উদ্যোক্তা ঝর্ণা বেগম বলেন, প্রতি বছরের ন্যায় এবারের শীতেও আমরা অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করছি। এ ধরনের সেবা ভবিষ্যতেও অব্যাহত থাকবে। তিনি আরও বলেন, আমি আমার সাধ্যমত নানান সামাজিক কর্মকান্ডের সাথে নিজেকে সম্পৃক্ত রেখেছি। এসময় স্থানীয় গণমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

নারী উদ্যোক্তা ঝর্ণা বেগম ব্যবসায়ের পাশাপাশি মানব সেবামূলক কর্মসূচিসহ নানান সামাজিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত। এই সেবামূলক কর্মকান্ডের মধ্যে রয়েছে ছিন্নমূল পথশিশু, এতিম ও দুস্থদের মাঝে খাদ্য, শিক্ষাসামগ্রী, ঔষধ, মাদ্রাসায় কুরআন শরীফ সহ, শিক্ষার্থীদের পোশাক প্রদান করে থাকে।

ধলা কাথুলী সড়কে পিচ যেন স্বপ্ন

ধলা কাথুলী সড়ক পিচ কথাটি যেন ভুক্তভোগীদের কাছে এ এক নতুন স্বপ্ন হয়ে দাড়িয়েছে। মেহেরপুর থেকে গাংনী যেতে এ দিকে কায়েম কাটা থেকে কাথুলী মাঠ পর্যন্ত রাস্তার বেহাল দশা।

ভুক্তভোগী দের কাছে উর্ধতন কর্মকর্তা সহ জন প্রতিনিধিদের প্রতিশ্রুতি এখন পিচ রাস্তা কথাটি যেন এ এক বিশাল সপ্ন হয়ে দাড়িয়েছে।

গাড়াবাড়ীয়া গ্রামের মিজারুল ইসলাম জানান দীর্ঘ ৪ টি বর্ষা অতিবাহিত হলেও রাস্তা হওয়ার কোন পদক্ষেপ করে নি কেউ। নতুন বছর আসলো জানুয়ারি গেলেই কয়েক মাসের মধ্যে আবারো বর্ষা শুরু হবে যাবে। চলাচলের অনুপযোগী হয়ে পড়বে বলে মনে করি এই রাস্তা। তার আগেই যদি ঠিক করা হতো তাহলে আর ভুগান্তি হবে না।

অটো চালক ছমছের আলী জানান বর্ষার সময় চলতে পারিনা শুকনার সময় ও এক্সিডেন্টের ঝুকি থাকে। দ্রুত রাস্তা করার দাবি আগেও জানিয়েছি।তবে এখন আর জানাতে ইচ্ছে করে না। যখন মন চাই করবে।কারন আমাদের মত গরীব মানুষ অটো আলাদের কথা বলেও হবে না।

এ বিষয়ে গাড়াবাড়ীয়া ২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম জানান, পিচের ওপর হেয়ারিং হয়েছে, মাঝে মাঝে সড়ক ও জনপথ বিভাগ থেকে লোক এসে ইট ফেলে যায় এবং পিচের পুটিং করে রেখে যায়। দুইদিন পরে দেখা যায় আগের মতই অবস্থা। সড়ক ও জনপথ বিভাগ দীর্ঘদিন ধরে আশার বানী শোনালেও এখনো কোন উদ্যোগ গ্রহন করেন নি।তবে বর্ষার আগে যেন এই রাস্তা হয় সেই জোর দাবি জানাচ্ছি।

এ বিষয়ে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান, আমিও দীর্ঘ দিন চেষ্টা করছি অফিসিয়াল জটিলতার কারনে থেমে ছিল।তবে খুব শিঘ্রই হবে। আমি মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন এম পি মহোদয় কে বলেছি এখানে ড্রেনের ব্যাবস্থা করে দেওয়ার জন্য। তা ছাড়া বর্ষায় পানি নিষ্কাশনের কোন সুযোগ নেই। খুব দ্রুত যেন হয় সে জন্য চেষ্টা চলছে।

সহগল পুর গ্রামের হাবেল মিয়া জানান এই রাস্তাটা মেরমত এখন আমাদের সময়ের দাবি। এবার বর্ষার আগে যেন হয় সেই দাবি জানাচ্ছি।